

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শরণার্থী ত্রাণ ও প্রত্যাভাসন কমিশনারের কার্যালয়  
কক্সবাজার  
www.rrrc.gov.bd

স্মারক নম্বর: ৫১.০৪.২২০০.০০৬.০৪.৪১৪.২৬-১৮০৯

তারিখ: ০২ জুন ২০২৬ খ্রি.

**বিষয়:** “Production & Marketing of Eco-Friendly Handicraft & Toys” শীর্ষক প্রকল্পের কার্যক্রমসমূহ বাস্তবায়নের অনুমতি প্রদান।

সূত্র: (১) ক্যাম্প- ৮ওয়েস্ট এর স্মারক ন.- ১৯৭; তারিখ: ১২/০৫/২০২৬ খ্রি.  
(২) ILO -র সাথে চুক্তির রেফারেন্স ন.- 40548176/0; তারিখ: ২০/০৪/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বলপূর্বক বাস্তবায়িত মিয়ানমার নাগরিকদের মাঝে মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা ইকো-সোশ্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ESDO)- কে হকে বর্ণিত কার্যক্রমসমূহ নিম্নোক্ত শর্তের আলোকে ক্যাম্প অভ্যন্তরে বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করা হলো :

**চুক্তির রেফারেন্স নং** : 40548176/0  
**প্রকল্পের নাম** : Production & Marketing of Eco-Friendly Handicraft & Toys  
**দাতা সংস্থা** : International Labour Organization (ILO)  
**প্রকল্প এলাকা** : ক্যাম্প- ৮ওয়েস্ট  
**মেয়াদকাল** : ১৫/০৪/২০২৬খ্রি. হতে ১৫/০৫/২০২৬ খ্রি.

**Camp-8W**

SL. No.	Name of the Structures/Activities	Quantity/ Number of Unit	Unit Cost (BDT)	Total Cost (BDT)
01	Production center construction/renovation for production of Eco-friendly Handicrafts and Toys	1	483,985	483,985
	<b>Total</b>			<b>4,83,985/-</b>
<b>In Words: Four Lacs Eighty-three Thousand Nine Hundred Eighty Five Taka Only</b>				

**শর্তাবলী:**

- ১) কাজ শুরুর পূর্বেই অভিজ্ঞ জনবল নিয়োগ করতে হবে এবং রোহিঙ্গা ভলান্টিয়ারগণ সংশ্লিষ্ট ক্যাম্পের বাসিন্দা হতে হবে। নিয়োগকৃতদের তালিকা সংশ্লিষ্ট ক্যাম্প-ইনচার্জ এর নিকট সরবরাহ করতে হবে;
- ২) কার্যক্রম পরিচালনার পূর্বে সুবিধাভোগীদের তালিকা সংশ্লিষ্ট ক্যাম্প-ইনচার্জ কার্যালয়ে জমা দিতে হবে;
- ৩) কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে এনজিও বিষয়ক ব্যুরোর এফডি-৭ ও Framework for NGO's এ বর্ণিত নির্দেশাবলী আবশ্যিকভাবে প্রতিপালন করতে হবে;
- ৪) অনুমোদিত ড্রয়িং-ডিজাইন ও বিওকিউ অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে;
- ৫) সিমেন্ট কংক্রিটের ঢালাই দ্বারা ফাউন্ডেশন নির্মাণ করা যাবে না। মেটাল ফুটিং দ্বারা ফাউন্ডেশন নির্মাণ করতে হবে;
- ৬) Treated Borak Bamboo কলাম অবশ্যই প্রি-কাস্ট মেটাল ফুটিং/মেটাল ফুটিং এর সাথে নাট-বোল্ট দ্বারা সংযোগ করতে হবে এবং সংযোগস্থল অবশ্যই ফ্লোর লেভেল হতে ০২ (দুই) ইঞ্চি উপরে স্থাপন করতে হবে। যেন ভবিষ্যতে সহজে অপসারণ করা যায়;
- ৭) সি.সি/আর.সি.সি দ্বারা দ্বারা মেঝে/কোন ধরনের স্থায়ী কাজ বাস্তবায়ন করা যাবে না। One layer BFS & Minimum thickness of plaster with NCF দ্বারা Floor নির্মাণ করতে হবে এবং Tarpulin দ্বারা রুফ নির্মাণ করতে হবে;
- ৮) Bamboo Mat with Tarpulin দ্বারা ওয়াল নির্মাণ করতে হবে, Borak Bamboo, Muli Bamboo দ্বারা বীম/রাফটার/পারলিন ইত্যাদি নির্মাণ করতে হবে;
- ৯) ভূমিধ্বস হওয়ার সম্ভাবনা আছে এমন অথবা ঝুঁকিপূর্ণ কোন জায়গা স্থাপনা নির্মাণ করা যাবে না এবং পরিবেশ ও পাহাড়ের ক্ষতি না করে যাবতীয় কার্যক্রম বাস্তবায়ন করতে হবে;
- ১০) এমন জায়গায় কোন স্থাপনা নির্মাণ করা যাবে না যেখানে পরবর্তীতে সাইড ডেভেলপমেন্ট এর কাজ করার প্রয়োজন হবে। এছাড়াও পানি নিষ্কাশন বাধাগ্রস্ত হয় এমন কোন স্থানে স্থাপনা নির্মাণ করা যাবে না;
- ১১) অবকাঠামোটর জায়গা শনাক্তকরণসহ যাবতীয় কাজ সংশ্লিষ্ট ক্যাম্প-ইনচার্জের নির্দেশনা ও তদারকিতে ক্যাম্পের নিরাপত্তা বেটনীর ভিতরে সরকারী নির্দেশনা মোতাবেক বাস্তবায়ন করতে হবে;
- ১২) কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে অন্যান্য এনজিও সংস্থার সাথে সমন্বয় করে কাজ করতে হবে;
- ১৩) কোন ভাবেই প্রত্যাভাসন বিরোধী কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না;
- ১৪) সময়ে সময়ে কর্তৃপক্ষ (সরকার) কর্তৃক জারীকৃত সকল নির্দেশনা পরিপালন করতে হবে;
- ১৫) কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে অবশ্যই দ্বৈততা পরিহার করতে হবে;

- ১৬) কাজ বাস্তবায়নের পূর্বেই সংশ্লিষ্ট ক্যাম্প-ইনচার্জ এর নিকট প্রস্তাবিত কাজের বিস্তারিত কর্ম পরিকল্পনার কপি প্রদান করে লিখিত প্রাপ্তি স্বীকার গ্রহণ করতে হবে;
- ১৭) কার্যক্রম বাস্তবায়ন পর্যালোচনা করার জন্য এ কার্যালয়ের কর্মকর্তা, ক্যাম্প-ইনচার্জ বা উপযুক্ত প্রতিনিধি যেকোন সময় কার্যক্রমস্থল ও ক্যাম্প কার্যালয় পরিদর্শন করবেন;
- ১৮) নিয়মিতভাবে সভায় উপস্থিত থাকতে হবে এবং মাসিক প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে;
- ১৯) উল্লিখিত কার্যক্রম ব্যতীত অন্য কোন কার্যক্রম বাস্তবায়ন তথা আর্থিক লেনদেন করা যাবে না;
- ২০) কাজ বাস্তবায়ন শেষে একটি লিখিত প্রতিবেদন বাস্তবায়িত কাজের প্রয়োজনীয় সংখ্যক ইনভেলোপ আকারের ছবিসহ সংশ্লিষ্ট ক্যাম্প-ইনচার্জ এর প্রতিস্বাক্ষর গ্রহণপূর্বক এ কার্যালয়ে দাখিল করতে হবে;
- ২১) নীড অ্যাসেসমেন্টে কোন শর্ত উল্লেখ করা থাকলে তা আবশ্যিকভাবে প্রতিপালন করতে হবে এবং
- ২২) উল্লিখিত শর্তসমূহ বা অন্য কোন বিধি ভঙ্গ করা হলে এবং এ সংক্রান্ত সঠিক ব্যাখ্যা প্রদানে ব্যর্থ হলে কার্যক্রম সাময়িকভাবে বন্ধ করাসহ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০২.০৫.১৫

নওশের ইবনে হালিম

সহকারী সচিব

মোবাইল: ০১৮১৮৭২৬৮৭২

ই-মেইল: contact@rrrc.gov.bd

প্রজেক্ট ম্যানেজার

Eco-Friendly Handicrafts & Toys project

ইকো-সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)

**অনুলিপি:** সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ২। ক্যাম্প-ইনচার্জ, ক্যাম্প- ৮ওয়েস্ট, কক্সবাজার।
- ৩। পিএস টু আরআরআরসি (আরআরআরসি মহোদয়ের সদয় অবগতির জন্য), এ কার্যালয়।
- ৪। সহকারী প্রোগ্রামার, (এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। অফিস কপি।